

স্মারক নম্বরঃ ০৫.০০.৪৭১২.০০০.০৮.০০৭.২০-২৯

তারিখঃ ২৮ শেখ ১৪২৭ বঃ
১২/০১/২০২১ খ্রিঃ


পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০.০০৮.০১৪.০৪৩(৭)-১১/১৮১ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক বটিয়াঘাটা উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ০১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর এবং ০১ জন গার্ড নিয়োগের নিমিত্তে শর্তসাপেক্ষে বটিয়াঘাটা উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	বেতন
(১)	তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর	১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২। Word processing/Data entry ও Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতিঃ ক) বাংলা প্রতি মিনিট সর্বনিম্ন ২০ শব্দ। খ) ইংরেজি প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।	আলোচনা সাপেক্ষে
(২)	গার্ড	৮ম শ্রেণী পাশ।	আলোচনা সাপেক্ষে

শর্তাবলীঃ

- ১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের অগ্রাধিকার দেয়া হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ২) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে।
- ৩) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-
ক) জাতীয় পরিচয় পত্র (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪(চার)কপি রঙিন ছবি।
গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
ঙ) উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা বরাবর ৩০০/- (তিন শত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে- অর্ডার সংযুক্ত করতে হবে।
চ) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রার্থীর পিতা/মাতার নামীয় মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় প্রধানমন্ত্রী/প্রতিমন্ত্রীর স্বাক্ষর ও মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত)।
ছ) প্রার্থীকে যোগাযোগ ঠিকানা সম্বলিত অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫"X১০" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ৪) ছবি ও সকল পত্রাদি সত্যায়নের ক্ষেত্রে নামাঙ্কিত সীল ব্যবহার করতে হবে।
- ৫) ০২.০২.২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।
- ৬) আবেদনপত্র আহ্বায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, ও উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা, বরাবরে আগামী ০২/০২/২০২১ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- ৭) অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮) আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৯) প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ, ডি.এ প্রদান করা হবে না।
- ১০) নিয়োগের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।


(মোঃ নজরুল ইসলাম)

আহ্বায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি।

ও

উপজেলা নির্বাহী অফিসার

বটিয়াঘাটা, খুলনা।

মোবাইল : ০১৯৮২৯১২৮৭৫

ই-মেইল নম্বরঃ unobatiaghata@mopa.gov.bd

